



ইন্টারন্যাশনাল ফাইন্যান্স ইনভেস্টমেন্ট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, শিল্প ব্যাংক ভবন (৯-১১, ১৭-২০ তলা), ৮, রাজউক এ্যাভিনিউ, ঢাকা-১০০০

শেয়ারহোল্ডারদের বত্রিশতম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এই মর্মে বিজ্ঞপ্তি দেয়া যাচ্ছে যে, মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের কোম্পানী বেঞ্চ কর্তৃক আরোপিত নিষেধাজ্ঞা প্রত্যাহার হওয়ার প্রেক্ষিতে ইতোপূর্বে স্থগিতকৃত ইন্টারন্যাশনাল ফাইন্যান্স ইনভেস্টমেন্ট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড (IFIC Bank Ltd.)-এর শেয়ারহোল্ডারদের বত্রিশতম বার্ষিক সাধারণ সভা আগামী ২৮শে অক্টোবর, ২০০৯ ইং রোজ বুধবার বিকাল ৪.০০ ঘটিকায় বসুন্ধরা কনভেনশন সেন্টার, ব্লক-জি, উম্মে কুলসুম রোড, বসুন্ধরা আবাসিক এলাকা, বারিধারা, ঢাকায় অনুষ্ঠিত হবে।

সভার আলোচ্যসূচী নিম্নরূপ :

- ১। পরিচালকমন্ডলী এবং নিরীক্ষকগণের প্রতিবেদনসহ ২০০৮ সালের ৩১শে ডিসেম্বরে সমাপ্ত বছরের স্থিতিপত্র এবং লাভ-ক্ষতির হিসাব গ্রহন, বিবেচনা ও অনুমোদন ;
- ২। পরিচালনা পর্ষদ কর্তৃক ৩১শে ডিসেম্বর ২০০৮ সালে সমাপ্ত বছরের জন্য সুপারিশকৃত লভ্যাংশ অনুমোদন ;
- ৩। পরিচালকবৃন্দের মনোনয়ন/নির্বাচন;
- ৪। নিরীক্ষক নিয়োগ ও তাঁদের পারিশ্রমিক নির্ধারণ ;
- ৫। চেয়ারম্যানের অনুমোদনক্রমে যে কোন বিষয়ে আলোচনা।

পরিচালকমন্ডলীর নির্দেশক্রমে
আই এফ আই সি ব্যাংক লিমিটেড এর পক্ষে

তারিখ : অক্টোবর ০৬, ২০০৯ইং।

(আ, ক, ম, মোজহারুল হক)
সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ও
কোম্পানী সচিব

বিশেষ দ্রষ্টব্য :

- ১। ইতোপূর্বে ঘোষিত রেকর্ড ডেট (Record Date) তথা বৃহস্পতিবার, ২৮শে মে, ২০০৯ ইং অপরিবর্তিত থাকবে।
- ২। ব্যাংকের পরিচালনা পর্ষদ ৩১ শে ডিসেম্বর, ২০০৮ তারিখে সমাপ্ত বছরের জন্য ৩০% হারে স্টক ডিভিডেন্ড (প্রতি ১০টি সাধারণ শেয়ারের জন্য ৩টি বোনাস শেয়ার) বত্রিশতম বার্ষিক সাধারণ সভায় লভ্যাংশ হিসেবে অনুমোদনের জন্য সুপারিশ করেছেন।
- ৩। যে সকল সম্মানিত শেয়ারহোল্ডারের নাম রেকর্ড ডেট (Record Date) -এ ব্যাংকের শেয়ার রেজিস্টার অথবা ডিপজিটরী (CDBL) রেজিস্টারে লিপিবদ্ধ ছিল, কেবলমাত্র তাঁরাই উপরোক্ত বার্ষিক সাধারণ সভায় অংশ গ্রহণ করতে পারবেন এবং লভ্যাংশের জন্য বিবেচিত হবেন।
- ৪। বার্ষিক সাধারণ সভায় অংশ গ্রহণ ও ভোট প্রদানের যোগ্য কোম্পানীর যে কোন সদস্য/সদস্যা তাঁর পক্ষে সাধারণ সভায় অংশ গ্রহণ ও ভোট প্রদানের জন্য প্রক্সি (Proxy) নিয়োগ করতে পারবেন।
- ৫। প্রক্সি ফর্ম (Proxy Form) যথাযথ মূল্যমানের রাজস্ব স্ট্যাম্পসহ সভার নির্ধারিত সময়ের ৭২ (বাহাত্তর) ঘণ্টা পূর্বে কোম্পানীর রেজিস্টার অফিসে অবশ্যই জমা দিয়ে সত্যায়িত করানোর পর মনোনীত ব্যক্তি অথবা এটর্নি অথবা কোম্পানী বা কর্পোরেশনের ক্ষেত্রে সার্বিকভাবে ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে ভোট প্রদান করা যাবে। উল্লেখ্য যে, বিশেষ সাধারণ সভা এবং ৩২তম বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ ও ভোট প্রদানের জন্য ব্যাংক কর্তৃক ইতোপূর্বে ইস্যুকৃত সত্যায়িত প্রক্সি ফর্ম (Proxy Form) যথারীতি বলবৎ থাকবে।
- ৬। অবসর গ্রহনকারী পরিচালকগণ কোম্পানীর আর্টিক্যালস্ অব এ্যাসোসিয়েশন মোতাবেক পুনঃনির্বাচিত/মনোনীত হবেন।
- ৭। সম্মানিত শেয়ারহোল্ডারগণের সুবিধার্থে বার্ষিক সাধারণ সভার 'রেজিস্ট্রেশন কাউন্টার' ২৮-১০-২০০৯ ইং তারিখে সকাল ১১.৩০ মিনিট হতে অপরাহ্ন ৪.০০ ঘটিকা পর্যন্ত খোলা থাকবে।